গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা।

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-১৮০/২০১৯-২০২০

ঢাকা ৩ মার্চ মঙ্গলবার ২০২০, ১৯ ফাল্গুন ১৪২৬

১। উরুগুয়ের নবনির্বাচিত প্রেসিডেন্টের শপথ অনুষ্ঠানে রাষ্ট্রপতি

২। মুজিববর্ষের বরাদ্দে ম্যুরাল নয়, দুস্থদের বাড়ি বানিয়ে দিন : মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী
সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ও জাতীয় কৃষি সম্প্রসারণ নীতি'র খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

৩। প্রধানমন্ত্রীর সঙ্গে হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎ

৪। মুজিববর্ষ উপলক্ষে নরেন্দ্র মোদির বাংলাদেশ সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো জোরদার করবে: হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎকালে সেতুমন্ত্রী

৫। ঢাকায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে যথাযথ সম্মান দেয়া হবে: পররাষ্ট্রমন্ত্রী

৬। এনআরসি ও সিএএ বাংলাদেশে প্রভাব ফেলবে না : হর্ষবর্ধন শ্রিংলা

৭। প্রধানমন্ত্রী জাতীয় এসএমই মেলা উদ্বোধন করবেন আগামীকাল

৮। প্রধানমন্ত্রীর সঙ্গে বিসিপিএস প্রতিনিধিদলের সাক্ষাৎ

৯। বাংলাদেশে গণমাধ্যম অনেক উন্নত দেশের তুলনায় বেশি স্বাধীনভাবে কাজ করছে : তথ্যমন্ত্রী

১০। গণতন্ত্র চর্চা ছাড়া দেশ আস্থাহীন দেশের মতো : ভোটার দিবসের অনুষ্ঠানে আইনমন্ত্রী

১১। এডিপি বাস্তবায়নে ব্যবসায়ীদের কৌশলপত্র দিতে পরিকল্পনামন্ত্রীর আহ্বান

১২। বাংলাদেশে ট্রেন বগি রফতানিতে আগ্রহী ইন্দোনেশিয়া

১৩। দেশে মোট ভোটার ১০ কোটি ৯৮ লাখ, নতুন ভোটার ৬৯ লাখ ৭১ হাজার : জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে সিইসি

১৪। রোহিঙ্গাদের জন্য জার্মানির আরও ৫ কোটি ইউরো সহায়তা

চলমান পাতা-২

১। **উরুগুয়ের নবনির্বাচিত প্রেসিডেন্টের শপথ অনুষ্ঠানে রাষ্ট্রপতি**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ উরুগুয়ের রাজধানী মন্টিভিডিওতে পার্লামেন্ট ভবনে গতকাল (২ মার্চ সোমবার) স্থানীয় সময় দুপুরে অনুষ্ঠিত প্রেসিডেন্টের কমান্ড হস্তান্তর অনুষ্ঠানে যোগ দিয়েছেন। বাংলাদেশসহ বিভিন্ন দেশের রাষ্ট্র ও সরকার প্রধান এবং প্রতিনিধিরা শপথ অনুষ্ঠানে যোগদান করেছেন। রাষ্ট্রপতি ১১ দিনের সফরে গত ২৬ ফেব্রুয়ারি বুধবার উরুগুয়ের উদ্দেশে ঢাকা ত্যাগ করেন। রাষ্ট্রপতি আগামী ৭ মার্চ দেশে ফিরবেন বলে আশা করা হচ্ছে। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৮), **এশিয়ান এজ** (শেষ পৃ,ক.৬)।

২। **মুজিববর্ষের বরাদ্দে ম্যুরাল নয়, দুস্থদের বাড়ি বানিয়ে দিন : মন্ত্রিসভায় প্রধানমন্ত্রী**
সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ও জাতীয় কৃষি সম্প্রসারণ নীতি'র খসড়া মন্ত্রিসভায় অনুমোদন

মুজিবশতবর্ষ উপলক্ষে বিভিন্ন এলাকায় বঙ্গবন্ধুর ম্যুরাল বা ছবি সংবলিত বড় ব্যানার তৈরি না করতে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের সচিবদের নির্দেশ দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বলেছেন, ম্যুরাল ও ব্যানার তৈরি করতে অনেক অর্থ ব্যয় হবে, সে অর্থ দিয়ে দুস্থ-অসহায়দের জন্য গৃহ নির্মাণ করে দিলেই জনকল্যাণ হবে। অতিরঞ্জিত কোনো কিছু করার প্রয়োজন নেই। অতি উৎসাহী হয়ে বড় বাজেটের নতুন কোনো কর্মসূচি না নেওয়ার জন্য সংশ্লিষ্ট সচিবদের নির্দেশ দিয়েছেন তিনি। গতকাল (২ মার্চ সোমবার) প্রধানমন্ত্রীর তেজগাঁও কার্যালয়ে মন্ত্রিসভার নিয়মিত বৈঠক শেষে অনির্ধারিত আলোচনায় সচিবদের এমন নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। বৈঠকে সুনামগঞ্জ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় আইন ২০২০' এবং 'জাতীয় কৃষি সম্প্রসারণ নীতি ২০২০'-এর খসড়া অনুমোদন দেওয়া হয়। বৈঠক শেষে সচিবালয়ে মন্ত্রিপরিষদ সচিব প্রেস ব্রিফিং করেন। সূত্র-**সমকাল** (শেষ পৃ,ক.১) **ইত্তেফাক** (পৃ.১,ক.৫), **ইন্ডিপেন্ডেন্ট** (পৃ.১,ক.৮)।

৩। **প্রধানমন্ত্রীর সঙ্গে হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎ**

ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা গতকাল (২ মার্চ সোমবার) গণভবনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেন। বৈঠকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির বাংলাদেশে আগমনের বিষয় নিয়ে আলোচনা হয়। এছাড়া দ্বিপক্ষীয় স্বার্থসংশ্লিষ্ট বিভিন্ন বিষয় এবং উপ-আঞ্চলিক সংযোগ নিয়েও আলোচনা হয়েছে।প্রধানমন্ত্রী বৈঠকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে তাঁর শুভেচ্ছা পৌঁছে দিতে বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৭,ক.৭)।

৪। **মুজিববর্ষ উপলক্ষে নরেন্দ্র মোদির বাংলাদেশ সফর দ্বিপাক্ষিক সম্পর্ককে আরো জোরদার করবে: হর্ষবর্ধন শ্রিংলার সাক্ষাৎকালে সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন , মুজিববর্ষের অনুষ্ঠান উপলক্ষে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বাংলাদেশে এলে দ্বিপাক্ষিক সম্পর্ক আরো শক্তিশালী হবে। গতকাল (২ মার্চ সোমবার) সচিবালয়ে নিজ দপ্তরে ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিং লার নেতৃত্বে প্রতিনিধিদলের সঙ্গে মতবিনিময় শেষে সাংবাদিকসম্মেলনে তিনি আরো বলেন, ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির এ সফর ভারত -বাংলাদেশের সম্পর্কে আরো এক ধাপ এগিয়ে নিয়ে যাবে এবং নতুন উচ্চতায় উন্নীত করবে। ভারতের প্রধানমন্ত্রীর সঙ্গে আলোচনায় আরো অগ্রগতি হবে। কাজেই সম্পর্ক যখন আছে, এ সম্পর্ক আরো সুদৃঢ় হবে , শক্তিশালী হবে। এটিই আমরা আশা করি। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.৫), **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৫। **ঢাকায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে যথাযথ সম্মান দেয়া হবে: পররাষ্ট্রমন্ত্রী**

১৭ মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকীর বছরব্যাপী আয়োজনের উদ্বোধন অনুষ্ঠানে আসছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিষয়টি নিশ্চিত করেছেন বাংলাদেশ সফররত ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা। আর প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে নরেন্দ্র মোদি র দ্বিপক্ষীয় বৈঠক হবে ১৮ মার্চ। এদিকে নরেন্দ্র মোদিকে মুজিববর্ষের অনুষ্ঠানের সম্মানিত অতিথি উল্লেখ করে তাঁকে যথাযথ সম্মান দেয়া হবে বলে জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন। সীমান্তে বিএসএফের গুলিতে বাংলাদেশি নিহত হওয়ার ঘটনায় উদ্বেগ জানিয়ে তা বন্ধে পদক্ষেপ নিতে ভারতের পররাষ্ট্র সচিবের প্রতি আহ্বান জানিয়েছেন পররাষ্ট্রমন্ত্রী। হর্ষবর্ধন শ্রিংলা গতকাল (২ মার্চ সোমবার) পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। সূত্র -**বণিক বার্তা** (পৃ.২,ক.১), **ইত্তেফাক** (পৃ.১৫,ক.৭), **অবজারভার** (শেষ পৃ,ক.১)।

৬। এনআরসি ও সিএএ বাংলাদেশে প্রভাব ফেলবে না : হর্ষবর্ধন শ্রিংলা

সফররত ভারতের পররাষ্ট্র সচিব হর্ষবর্ধন শ্রিংলা বলেছেন , নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ) ও নাগরিকপঞ্জি (এনআরসি) বাংলাদেশে কোনো প্রভাব ফেলবে না। এগুলো একান্তই ভারতের অভ্যন্তরীণ বিষয়। সিএএ কোনো ধর্মেরই বিরুদ্ধে নয়। গতকাল (২ মার্চ সোমবার) রাজধানীর একটি হোটেলে এক সেমিনারে তিনি এসব কথা বলেন। 'বাংলাদেশ-ভারত : একটি প্রতিশ্রুতিশীল ভবিষ্যৎ ' শীর্ষক সেমিনারে প্রধানমন্ত্রীর আন্তর্জাতিক সম্পর্ক বিষয়ক উপদেষ্টা ড .গওহর রিজভী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে গওহর রিজভী বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসার পর দু'দেশের সম্পর্ক উত্তরোত্তর বৃদ্ধি পায়। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **সংবাদ** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.৬)।

৭। প্রধানমন্ত্রী জাতীয় এসএমই মেলা উদ্বোধন করবেন আগামীকাল

পাটজাত থেকে ডিজিটাল দুনিয়ার প্রযুক্তি পণ্যের বিশাল সমাহার নিয়ে আগামীকাল বুধবার থেকে শুরু হচ্ছে জাতীয় এসএমই পণ্যমেলা। রাজধানী ঢাকার কৃষিবিদ ইনস্টিটিউশনে নয় দিনব্যাপী এ মেলার উদ্বোধন করবেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এবারের এসএমই মেলায় সারাদেশের ২৯৬ জন এসএমই উদ্যোক্তা প্রতিষ্ঠান তাদের উৎপাদিত দেশিয় পণ্যসামগ্রী প্রদর্শনী ও বিক্রি করবেন। অংশগ্রহণকারী উদ্যোক্তাদের মধ্যে ১৯৫ নারী ও বাকি ১০১ পুরুষ রয়েছেন। ক্ষুদ্র ও মাঝারি শিল্প তথা দেশের অর্থনৈতিক উন্নয়নে নারীদের অবদান যে বাড়ছে সেটিও এসএমই মেলার মাধ্যমে তুলে ধরা হবে। গতকাল (২ মার্চ সোমবার) রাজধানীর পান্থপথে এসএমই ফাউন্ডেশনের সম্মেলনকক্ষে 'জাতীয় এসএমই পণ্যমেলা ২০২০' শীর্ষক এক সংবাদসম্মেলন অনুষ্ঠিত হয়। শিল্প মন্ত্রণালয়ের অধীন ক্ষুদ্র ও মাঝারি শিল্প (এসএমই) ফাউন্ডেশন অষ্টমবারের মতো এ মেলার আয়োজন করছে। সংবাদসম্মেলনে মেলার সার্বিক পরিস্থিতি তুলে ধরেন শিল্পমন্ত্রী নূরুল মজিদ মাহমুদ হুমায়ূন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **বণিক বার্তা** (পৃ.১২,ক.১), **অবজারভার বিজনেস পাতা** (পৃ.১৩,ক.১)।

৮। প্রধানমন্ত্রীর সঙ্গে বিসিপিএস প্রতিনিধিদলের সাক্ষাৎ

বাংলাদেশ কলেজ অভ্ ফিজিসিয়ান্স অ্যান্ড সার্জ ন্সের (বিসিপিএস) ৭ সদস্যের একটি প্রতিনিধিদল গতকাল (২ মার্চ সোমবার) প্রধানমন্ত্রী শেখ হাসিনার সঙ্গে গণভবনে সাক্ষাৎ করেন। প্রতিনিধিদলের নেতৃত্ব দেন বিসিপিএসের সভাপতি অধ্যাপক কাজী দীন মোহাম্মদ। তাঁরা বিসিপিএসের আসন্ন সমাবর্তনে যোগদানের জন্য প্রধানম ন্ত্রীকে আমন্ত্রণ জানান। দেশে চিকিৎসা শিক্ষা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনের জন্য প্রতিনিধিদল প্রধানমন্ত্রীকে ধন্যবাদ জানান। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৫)।

৯। বাংলাদেশে গণমাধ্যম অনেক উন্নত দেশের তুলনায় বেশি স্বাধীনভাবে কাজ করছে : তথ্যমন্ত্রী

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ বলেছেন, দেশে গণমাধ্যম এখন অনেক উন্নত দেশের তুলনায় বেশি স্বাধীনভাবে কাজ করছে। বিএনপি ক্ষমতায় থাকার সময় গণমাধ্যমের এ স্বাধীনতা ছিল না। গতকাল (২ মার্চ সোমবার) রাজধানীর বেইলি রোডে অফিসার্স ক্লাবে দৈনিক সময়ের আলোর প্রথম প্রতিষ্ঠাবার্ষিকীতে সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন। এছাড়া বিএনপি মহাসচিবের মন্তব্যের জবাবে তথ্যমন্ত্রী আরো বলেন, মির্জা ফখরুল যে দল করেন, সে দলই দুর্নীতিতে নিমজ্জিত। ক্ষমতায় থাকার সময় তারা হাওয়া ভবন তৈরি করে সমান্তরাল সরকার পরিচালনা করেছিলেন। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৫), **সংবাদ** (শেষ পৃ,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

১০। গণতন্ত্র চর্চা ছাড়া দেশ আস্থাহীন দেশের মতো : ভোটার দিবসের অনুষ্ঠানে আইনমন্ত্রী

গণতন্ত্র ছাড়া দেশ আস্থাহীনতার মতো বলে মন্তব্য করেছেন আইন , বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী মো . আনিসুল হক। তিনি বলেছেন, নির্বাচন ছাড়া যেমন গণতন্ত্র হয় না , ঠিক একইভাবে, গণতন্ত্র চর্চা ছাড়া দেশ আস্থাহীন দেশের মতো। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান স্বাধীন দেশে ১৯৭৩ সালে নির্বাচন অনুষ্ঠানের মাধ্যমে গণতন্ত্রের সূচনা করেছিলেন। ১৯৭৫ সালে তাঁকে সপরিবারে হত্যার মধ্য দিয়ে নির্বা চনের চর্চা বন্ধ হয়েছিল। নির্বাচন কমিশন (ইসি) একটা নির্ভুল ভোটার তালিকা তৈরির মাধ্যমে জনগণের মধ্যে আস্থা সৃষ্টি করবে। দেশে বর্তমানে নির্বাচনের যে চর্চা শুরু হয়েছে তা অব্যাহত রাখবে সাংবিধানিক সংস্থা ইসি। গতকাল (২ মার্চ সোমবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় আইনমন্ত্রী এসব কথা বলেন। সূত্র -**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১১। এডিপি বাস্তবায়নে ব্যবসায়ীদের কৌশলপত্র দিতে পরিকল্পনামন্ত্রীর আহ্বান

নির্ধারিত সময়ে মানসম্মত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়নে কৌশলপত্র প্রদানের জন্য ব্যবসায়ীদের প্রতি আহ্বান জানিয়েছেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। গতকাল (২ মার্চ সোমবার) ঢাকা চেম্বার অভ্ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি শামস মাহমুদের নেতৃত্বে পরিচালনা পর্ষদের সদস্যরা আগারগাঁওয়ে তাঁর কার্যালয়ে সাক্ষাৎ করতে গেলে এ আহ্বান জানান পরিকল্পনামন্ত্রী। সরকার এরই মধ্যে মোংলা বন্দরের সক্ষমতা অনেকাংশে বৃদ্ধি করেছে উল্লেখ করে এ সময় দেশের উদ্যোক্তাদের এ বন্দর আরো বেশি হারে ব্যবহারের আহ্বান জানান পরিকল্পনামন্ত্রী। একইসময় পাবলিক-প্রাইভেট পার্টনারশিপ বা পিপিপির আওতায় সরকার গৃহীত অবকাঠামো প্রকল্পগুলোয় বিনিয়োগের জন্য ব্যবসায়ী সম্প্রদায়কে এগিয়ে আসার ওপর গুরুত্বারোপ করেন। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১২,ক.৬), **সমকাল** (পৃ.২,ক.১)।

১২। বাংলাদেশে ট্রেন বগি রফতানিতে আগ্রহী ইন্দোনেশিয়া

বাংলাদেশ রেল একসঙ্গে ১০৫০টি ট্রেন বগি চালু করতে চাইছে। আর এতে বড় ভূমিকা রাখতে চাইছে ইন্দোনেশিয়া। তারা শীঘ্রই ট্রেনের বগি রফতানির জন্য দরপত্রে অংশ নেবে। গত ২৭ ফেব্রুয়ারি বৃহস্পতিবার দি জাকার্তা পোস্ট জানায়, রাষ্ট্রীয় মালিকানাধীন এন্টারপ্রাইজ (এসওই) মন্ত্রী এরিক থোহি র জাকার্তা সফররত বাংলাদেশের রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজনের সঙ্গে বৈঠকে এ বিষয়ে আলোচনা করেন। রাষ্ট্রীয় মালিকানাধীন সংশ্লিষ্ট সংস্থাগুলোর পরিচালকমণ্ডলীর সভাপতিও ঐ বৈঠকে অংশ নেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৯,ক.১)।

১৩। দেশে মোট ভোটার ১০ কোটি ৯৮ লাখ,
নতুন ভোটার ৬৯ লাখ ৭১ হাজার : জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে সিইসি

দেশে বর্তমানে মোট ভোটার ১০ কোটি ৯৮ লাখ ১৯ হাজার ১১২ জন। নতুন ভোটার বেড়েছে ৬৯ লাখ ৭১ হাজার ৪৭০ জন। গতকাল (২ মার্চ সোমবার) বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে জাতীয় ভোটার দিবসের অনুষ্ঠানে প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নুরুল হুদা এ তথ্য জানান। সিইসির দেওয়া তথ্য অনুযায়ী দেশের মোট ভোটারের মধ্যে পুরুষ ভোটার ৫ কোটি ৫৪ লাখ ৮২ হাজার ৫৩০ জন। নারী ভোটার ৫ কোটি ৪৩ লাখ ৩৬ হাজার ২২২ জন। প্রথম বারের মতো ৩৬০ জন তৃতীয় লিঙ্গকে ভোটার তালিকায় অন্তর্ভুক্ত করা হয়েছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ,ক.২), **সংবাদ** (পৃ.১,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.১)।

১৪। রোহিঙ্গাদের জন্য জার্মানির আরও ৫ কোটি ইউরো সহায়তা

কক্সবাজারে আশ্রয় নেওয়া মিয়ানমারের রোহিঙ্গাদের মানবিক সহায়তায় আরও পাঁচ কোটি ইউরো সহায়তা দেবে জার্মানি। বর্তমান বিনিময় হার অনুযায়ী এর পরিমাণ প্রায় ৫০০ কোটি টাকা। সেখানকার স্থানীয়দের সহায়তায়ও এ অর্থ কাজে লাগানো হবে। বাংলাদেশ-জার্মানি যৌথ পরামর্শ সভায় নতুন এ প্রতিশ্রুতির ঘোষণা দিয়েছে ঢাকা সফররত দেশটির একটি প্রতিনিধিদল। গতকাল (২ মার্চ সোমবার) রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলনকেন্দ্রে এ সভা অনুষ্ঠিত হয়।বৈঠকে জার্মান প্রতিনিধিদলের নেতৃত্ব দেন দেশটির অর্থনৈতিক সহযোগিতা ও উন্নয়নবিষয়ক মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়াবিষয়ক প্রধান ড. ইউটি হিনব্যাস। সূত্র-**সমকাল** (পৃ.১৩,ক.৫), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **নিউজ টুডে** (পৃ.২,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** টাঙ্গাইলের বাসাইল উপজেলার দাপনাজোর গ্রামের মধ্য দিয়ে প্রবাহিত জিনাই নদের উপর নির্মিত পাকা সেতুর নিচ থেকে বালু উত্তোলনের ফলে দেবে গিয়েছে সেতুটি উল্লেখ করে সারা বাংলাদেশে এ ধরনের অসংখ্য সেতু, কালভার্ট, সড়কের জীর্ণ দশার ব্যাপারে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

খ. **ভোরের কাগজ :** চলতি বছরের জানুয়ারিতে এক দফা দাম বাড়ার পর আবারো বেড়েছে চালের দাম উল্লেখ করে চালের বাজার অস্থির হয়ে ওঠা এবং পাইকারি দামের সঙ্গে খুচরা দামের তফাৎসহ সার্বিক বিষয়গুলো আমলে নেওয়ার পরামর্শ।

গ. **যায়যায়দিন :** গত আটমাসে ১২৫০ কোটি ডলারের রেমিট্যান্স এসেছে দেশে উল্লেখ করে প্রবাসী আয়ের এ ধারা অব্যাহত থাকবে বলে প্রত্যাশা ব্যক্ত।

ঘ. **যুগান্তর** : গত এক বছরে দেশে ২৪ হাজারেরও বেশি অগ্নিকাণ্ডের ঘটনা ঘটেছে উল্লেখ করে অগ্নিদুর্ঘটনারোধে বাসা-বাড়িসহ সর্বত্র আগুন নেভানোর প্রাথমিক উপকরণ হাতের কাছে রাখার আহ্বান।

ঙ. **সংবাদ** : রোহিঙ্গা শিবিরগুলো ক্রমেই অপরাধের আখড়া হয়ে উঠছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর নজরদারির সুপারিশ।

চ. **ডেইলি সান** : গতবছর ৪,৭০২টি সড়ক দুর্ঘটনায় ৫,২২৭ জন ব্যক্তি নিহত হয়েছে উল্লেখ করে সড়ক দুর্ঘটনারোধ করতে কার্যকর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

ছ. **অবজারভার** : তরুণদের মাঝে লুকানো সুপ্ত প্রতিভা জাগিয়ে তুলতে খেলাধুলা ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের সুযোগ বাড়ানোর বিষয়ে প্রধানমন্ত্রীর অভিমত তুলে ধরে তরুণবান্ধব স্পোর্টিং ইনফ্রাস্টাকচার তৈরি করার সুপারিশ।

উপ-সম্পদকীয়

যায়যায়দিন পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, অগ্নিদুর্ঘটনা প্রতিরোধ এবং দুর্ঘটনা পরবর্তী করণীয় নিয়ে আমাদের মধ্যে আরও সচেতনতা ও সতর্কতা বাড়াতে হবে।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **‘পরিবেশগত বিপর্যয়কে জাতীয় জরুরি ইস্যু হিসেবে দেখুন’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, আমরা প্রত্যেকেই যদি পরিবেশের নিজ নিজ অংশটুকু রক্ষা করি, তাহলেই পুরো পরিবেশও রক্ষা হবে।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/সাঈদা/মাসুম/২০২০/৯.০০ঘন্টা